

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
অর্থ শাখা  
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা  
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.১৩.০০১.২৪- ৪৬

তারিখ: ১১ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ  
২৪ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: দেশের তিনটি সরকারি আলিয়া মাদ্রাসা ও এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসায় অধ্যয়নরত রাজস্ব খাতভুক্ত এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে বিভিন্ন পর্যায়ে বৃত্তিপ্ৰাপ্ত (মেধা ও সাধারণ) নিয়মিত ও বাউসব্যাককৃত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ G2P (EFT) পদ্ধতিতে "ব্যাংক হিসাবে" প্রেরণের লক্ষ্যে প্রতিষ্ঠান হতে প্রাপ্ত শিক্ষার্থীদের তথ্যের **ভুল সংশোধন ও নতুন শিক্ষার্থীর তথ্য MIS software-এ হালনাগাদকরণের সময়সীমা বর্ধিতকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে অনলাইনে EFT-এর মাধ্যমে সরাসরি শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। কিন্তু কিছু মাদ্রাসার বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীর তথ্য অদ্যাবধি এন্ট্রি করেননি এবং কিছু শিক্ষা প্রতিষ্ঠানের প্রেরিত তথ্য ব্যাংক হিসাব নম্বর ও শাখার নাম, পরীক্ষার সালসহ বিভিন্ন ধরনের ভুল রয়েছে। এছাড়া কিছু শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর, রাউটিং নম্বরসহ ব্যাংক সংক্রান্ত কিছু তথ্য যথাযথ না থাকায় EFT Bounced Back হয়েছে। **কারিগরি ত্রুটির কারণে ইতিপূর্বে যে সকল আবেদন করা হয়েছে, সেগুলি আবেদন মাউশি'র লিংকে চলে গেছে। তাছাড়া, যে সকল প্রতিষ্ঠান আবেদন করতে পারেনি তাদেরও প্রদত্ত লিংকে আবেদন করতে হবে।**

**MIS সফটওয়্যারে এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয়:**

- ০১। বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থী নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;
- ০২। পাঠ বিরতি রয়েছে এরূপ শিক্ষার্থীর তথ্য এন্ট্রি না দেয়া;
- ০৩। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হবে;
- ০৪। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
- ০৫। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
- ০৬। শিক্ষার্থীর পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম ও সন সঠিকভাবে পূরণ করতে হবে;
- ০৭। বৃত্তির ক্যাটাগরি (মেধা ও সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
- ০৮। ব্যাংক, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
- ০৯। তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন
- ১০। তথ্য এন্ট্রি দেয়ার শেষ সময় ০৫.০৩.২০২৬ খ্রি. বিকাল ৫.০০ টা পর্যন্ত।
- ১১। যে সকল শিক্ষার্থীগণ মাদ্রাসা থেকে বৃত্তি পেয়ে মাদ্রাসায় অধ্যয়নরত আছেন এবং স্কুল/কলেজ থেকে বৃত্তি পেয়ে মাদ্রাসায় অধ্যয়নরত আছেন শুধুমাত্র ঐ সকল শিক্ষার্থীগণ [dme.finance.gov.bd](http://dme.finance.gov.bd) লিংকে আবেদন করবেন।
- ১২। যে সকল শিক্ষার্থী মাদ্রাসা থেকে বৃত্তিপ্ৰাপ্ত হয়ে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, মেডিকেল, ইঞ্জিনিয়ারিং ভর্তি হয়েছেন তারা স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্ধারিত লিংকে আবেদন করবেন।

বি.হ: ১। MIS software-এ আবেদন থাকা সত্ত্বেও কোন শিক্ষার্থী বৃত্তির টাকা না পেয়ে থাকলে পূর্বের আবেদন বাতিল করে নতুন করে আবেদন করতে হবে।  
২। [dme.finance.gov.bd](http://dme.finance.gov.bd) এ লিংকে আবেদন করবেন। কোন অবস্থাতেই আবেদন যেন মাউশি'র লিংকে না যায় সেটি নিশ্চিত কতে হবে।

এমতাবস্থায়, মাদ্রাসা প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে উল্লিখিত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ দ্রুত প্রেরণের সুবিধার্থে বর্ণিত তথ্যসমূহ আগামী ০৫.০৩.২০২৬ খ্রি. বিকাল ৫.০০ টার মধ্যে MIS অনলাইন সফটওয়্যার [dme.finance.gov.bd](http://dme.finance.gov.bd) লিংকে প্রবেশ করে বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীর তথ্য এন্ট্রি ও ভুল সংশোধনের জন্য অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/সুপার  
সরকারি আলিয়া মাদ্রাসা (সকল)  
এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসা (সকল)

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.১৩.০০১.২৪- ৪৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর (অতিরিক্ত সচিব), BACS and iBAS++ স্কিম
- ২। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

তারিখ:

ড. কে এম শফিকুল ইসলাম  
উপ-পরিচালক (অর্থ)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
ফোন: ৪১০৩০১৬৪

১১ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ  
২৪ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

ড. কে এম শফিকুল ইসলাম  
উপ-পরিচালক (অর্থ)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর